তোমাকে দাউদের সুললিত কণ্ঠের মত মধুর কণ্ঠ দান করা হয়েছে।

আবূ মূসা আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমাকে দাউদের সুললিত কণ্ঠের মত মধুর কণ্ঠ দান করা হয়েছে।” মুসলিমের এক বর্ণনায় আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে
বললেন, “যদি তুমি আমাকে গত রাতে তোমার তেলাওয়াত শোনা অবস্থায় দেখতে [তাহলে তুমি
কতই না খুশি হতে]!”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আবূ মূসা আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তারতীল সহ সু ললিত কন্ঠে তার তিলাওয়াত শোনেন তখন তিনি বলেন, “তোমাকে দাউদের সুললিত কণ্ঠের মত মধুর কণ্ঠ দান করা হয়েছে।” দাউদ আলাইহিস সালাম ছিলেন, সুন্দর উঁচা আওয়াজ সু ললিত কন্ঠের অধিকারী। এমনকি আল্লাহ তা‘আলা বলেছেন, ‘হে পর্বতমালা, তোমরা তার সাথে আমার পবিত্রতা ঘোষণা কর’ এবং পাখিদেরকেও (এ আদেশ দিয়েছিলাম)। আর আমি তার জন্য লোহাকেও নরম করে দিয়েছিলাম।[সূরা সাবা, আয়াত: ১০] অমুকের বংশধর বলে অনেক সময় শুধু তাকে উদ্দেশ্য করা হয়। কারণ, এখানে দাউদ আলাইহি সালামকে যেমন সুন্দর কন্ঠ দেওয়া হয়েছে, তাদের থেকে আর কাউকে এ ধরনের সুন্দর কন্ঠ দেওয়া হয়নি।

https://sunnah.global/hadeeth/bn/show/6212